

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্য বিবরণী

নম্বর: ৬৫

টেলিভিশন সাংবাদিকদের সাথে  
পিআইডি ময়মনসিংহ এর মতবিনিময়

ময়মনসিংহ (মঙ্গলবার, ১৪ নভেম্বর, ২০২৩ খ্রি.):

আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহ কর্তৃক আয়োজিত অফিসের সম্মেলনকক্ষে ময়মনসিংহ বিভাগীয় ও জেলা টেলিভিশন গণমাধ্যম ব্যক্তিদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার (১৪ নভেম্বর) বিকাল ০৩.০০টায় ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান এর সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়।

চ্যানেল আই এর স্টাফ রিপোর্টার শেখ মহিউদ্দিন আহমেদ, মাই টিভির জেলা প্রতিনিধি সাইফুল ইসলাম, মাছরাঙা টেলিভিশনের জেলা বার্তা পরিবেশক শরীফুজ্জামান টিটু, আরটিভির জেলা প্রতিনিধি বিপ্লব বসাক, দেশ টিভির বিভাগীয় প্রতিনিধি ইলিয়াস আহমেদ, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি সুলতান মাহমুদ কনিক, যমুনা টিভির ব্যুরো চিফ হোসাইন শাহীদ, ডিবিসি নিউজের স্টাফ রিপোর্টার রাফিকুল হাসান রুবেল, যমুনা টিভির প্রতিনিধি মোঃ দেলোয়ার হোসেন, দীপ্ত টিভির প্রতিনিধি মাহমুদুল হাসান মিলন, গাজী টিভির প্রতিনিধি মোঃ ইব্রাহিম মুকুট ইন্ডিপেন্ডেন্ট টিভির ক্যামেরাপার্সন সুমন আহমেদ, বাংলাভিশনের ক্যামেরাপার্সন গগণ পন্ডিত, চ্যানেল আই এর ক্যামেরাপার্সন মোহাম্মদ নাজিম উদ্দিন মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় জানানো হয়, গণমাধ্যম চতুর্থ শিল্প বিপ্লবের সাথে যেন তাল মিলিয়ে একসাথে চলতে পারে সে ব্যাপারে সকলকে প্রস্তুত হতে হবে। টিভি চ্যানেলের স্থানীয় প্রতিনিধিরা সরকারের সংবাদ প্রকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সংবাদ প্রচার ও প্রসার সারাদেশের উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখছে। সংবাদ প্রকাশের ক্ষেত্রে তথ্য প্রদানে আরও সতর্ক থাকা ও যথাসময়ে সংবাদ রিলিজের পদক্ষেপ গ্রহণ করার মতামত প্রকাশ করেন অনেকেই।

মতবিনিময় সভায় সরকারের প্রোগ্রামগুলোর বিষয়ে সাংবাদিকদেরকে যতটা সম্ভব আগে জানানোর আহ্বান করেন সাংবাদিকবৃন্দ। যেন পিআইডি'র সহযোগিতায় নিউজ কভারেজসহ সত্যিকারের সংবাদ প্রকাশ করা যায়। পিআইডি সম্পর্কে জেলা পর্যায়ে সাংবাদিকদের ধারণা দেওয়ার বিষয়টি সভায় উঠে আসে। প্রোগ্রাম বিস্তারিতভাবে কাভারেজ করা এবং স্পট থেকে সাংবাদিকের নিকট নিউজ অনলাইনে প্রেরণ করার বিষয়টি উল্লেখ করেন সভায় উপস্থিতবৃন্দ।

মতবিনিময় সভায় আঞ্চলিক তথ্য অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/হুদা/রেজভী/সজিব/২০২৩/১৬:৩০ ঘন্টা